৺বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৮২০ তারিখ: ৩১.১২.২০১৯খ্রি.

বিষয়: **স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগের আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৩য় সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪২.৯৯.০৩৩.১৯.৬৫৭; তারিখ: ১৭ ডিসেম্বর, ২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৭ নভেম্বর ২০১৯ তারিখে মাননীয় মন্ত্রী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়-এর সভাপতিত্বে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৩ | মাদকের অনুপ্রবেশ ও বিস্তার রোধে কার্যক্রম গ্রহণ | (খ) শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। |

এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের জারিকৃত পরিপত্রে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার পরিচালনা কমিটির সভাপতি ও অধ্যক্ষ/সুপারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০৬ (ছয়) পাতা।

৩১.১২.১৯

**মোঃ সিদ্দিকুর রহমান**
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮
৩১/১২/২০১৯

১. সভাপতি (ম্যানেজিং কমিটি/গভর্ণিং বডি/ এডহক কমিটি/ট্রাস্ট কমিটি);
২. অধ্যক্ষ/ সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা।

নং ৩৭.১৬.০০০০.০০৯.১৬.০০২.১৯-৮২০(৯) তারিখ: ৩১.১২.২০১৯খ্রি.

**অনুলিপি: কার্যার্থে ও জ্ঞাতার্থে- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক (সকল);
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৩. জেলা শিক্ষা অফিসার (সকল);
৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫. জনাব এস.এম. হুমায়ুন কবীর, সহকারী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
৬. প্রোগ্রামার, আইসিটিসেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (তাঁকে পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস

৩১/১২/১৯

**মোঃ ওমর ফারুক**
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪
৩১/১২/২০১৯

শিক্ষা নিয়ে গড়বো দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় শাখা।
www.tmed.gov.bd

স্মারক নং-৫৭.০০.০০০০.০৪২.৯৯.০৩৩.১৯. ৬৫৭

তারিখঃ ০৩ পৌষ ১৪২৬ বঙ্গাব্দ
১৭ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয়:** স্বরাষ্ট্র মন্ত্রণালয়, জননিরাপত্তা বিভাগের আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৩য় সভার সিদ্ধান্তের আলোকে কার্যক্রম গ্রহণ।

সূত্র: জননিরাপত্তা বিভাগের স্মারক নং: ৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯.১১৭১, তারিখ: ২১ ডিসেম্বর, ২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ স্মারকের প্রেক্ষিতে গত ০৭ নভেম্বর ২০১৯ তারিখ মাননীয় মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৩য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিস্তারিত আলোচনান্তে এ বিভাগ সংশ্লিষ্ট নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক নং | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০৩ | মাদকের অনুপ্রবেশ ও বিস্তার রোধে কার্যক্রম গ্রহণ | (খ) শিক্ষা প্রতিষ্ঠানের মাধমে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |

এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত কার্যক্রমের অগ্রগতি এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

সংযুক্তি: বর্ণনামতে কার্যবিবরণীর ছায়ালিপি।

(এস. এম. হুমায়ুন কবীর)
সহকারী সচিব
jstmed7@gmail.com

**বিতরণ সদয় কার্যার্থেঃ**

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪। চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-২
www.mhapsd.gov.bd

শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
সচিবের দপ্তর
ডায়েরি নং- তারিখ
অতিঃ সচিব (প্রশাঃ ও ...) | যুগ্ম-সচিব (উন্নয়ন)
অতিঃ সচিব (কারিগরি) | যুগ্ম-সচিব (কারিগরি)
অতিঃ সচিব (মাদ্রাসা) | যুগ্ম-সচিব (মাদ্রাসা)
যুগ্ম-সচিব (প্রশাঃ)
সচিব (রুটিন দায়িত্ব)

## আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির ৩য় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব আ, ক, ম, মোজাম্মেল হক, মাননীয় মন্ত্রী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ০৭ নভেম্বর, ২০১৯, বেলা ১১.০০ ঘটিকা |
| সভার স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিত মাননীয় সদস্যগণের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'ক' |
| উপস্থিত কর্মকর্তাবৃন্দের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'খ' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সভার আলোচ্যসূচি উল্লেখ করে ৩০ জুলাই, ২০১৯ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে লিপিবদ্ধ সিদ্ধান্তের বিষয়ে উপস্থিত সদস্যদের সংযোজন-বিয়োজন প্রস্তাব না থাকায় তা বিনা সংশোধনীতে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর তিনি বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

০২। বাংলাদেশের সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো থাকায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়। অপরাধ চিত্রের তুলনামূলক পরিসংখ্যান পর্যালোচনায় পূর্ববর্তী মাসের তুলনায় ১৪১৭টি অপরাধ বৃদ্ধি পাওয়ায় আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কঠোর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

০৩। সভায় কক্সবাজারে অবস্থানরত মিয়ানমার হতে বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিকদের ক্যাম্প এলাকায় কাঁটাতারের বেড়া নির্মাণের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সশস্ত্র বাহিনী বিভাগের প্রতিনিধি জানান যে, বাংলাদেশ সেনাবাহিনী ইতোমধ্যে রোহিঙ্গা ক্যাম্পের চারদিকে কাঁটাতারের বেড়া নির্মাণের প্রাথমিক কার্যক্রম আরম্ভ করেছে। ইতোমধ্যে বাংলাদেশ সেনাবাহিনী একটি প্রকল্প প্রস্তাব জননিরাপত্তা বিভাগে প্রেরণ করে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে। এ বিষয়ে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেন যে, ডিপিপি প্রণয়ন করে কার্যক্রম গ্রহণ করতে অনেক সময় লাগবে বিধায় স্বল্পতম সময়ে কাঁটাতারের বেড়া নির্মাণ কার্যক্রম সম্পন্ন করার জন্য বাংলাদেশ সেনাবাহিনীকে দায়িত্ব প্রদান করা হয়েছে। সেনাবাহিনী সরাসরি অর্থ বিভাগের সাথে সমন্বয় করে অর্থ বরাদ্দ গ্রহণ করে দ্রুত কাঁটাতারের বেড়া নির্মাণ কার্যক্রম সম্পন্ন করবে। এ ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সার্বিক সহযোগিতা প্রদান করবে।

০৪। সভাপতি রোহিঙ্গা ক্যাম্পের অভ্যন্তরে পুলিশ, বিজিবি ও র‌্যাবের যৌথ ক্যাম্প স্থাপনের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত স্থানের বিষয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রস্তাব প্রেরণ করে জননিরাপত্তা বিভাগের অনুমোদন গ্রহণের নির্দেশনা প্রদান করেন। এছাড়াও তিনি রোহিঙ্গা ক্যাম্প এলাকায় পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের সংখ্যা ও প্রদত্ত শাস্তির পরিমাণ উল্লেখ করে অভিযান সংক্রান্ত বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। ক্যাম্প এলাকায় মাদকের বিস্তার রোধে স্থানীয় জেলা প্রশাসকের সহায়তায় যথাযথভাবে বিধি অনুসরণপূর্বক ক্যাম্পের অভ্যন্তরে মাদক বিরোধী ভ্রাম্যমাণ আদালত পরিচালনার বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়াও উখিয়া হতে টেকনাফ পর্যন্ত রাত্রিকালীন যৌথ টহল অব্যাহত রাখার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।

০৫। সচিব, সুরক্ষা সেবা বিভাগ জানান যে, জাতীয় পরিচয়পত্র গ্রহণের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করায় রোহিঙ্গাদের বাংলাদেশী পাসপোর্ট গ্রহণ প্রতিহত করা সম্ভব হয়েছে। রোহিঙ্গাদের বায়োমেট্রিক রেজিস্ট্রেশন এর ডাটাবেজ পাসপোর্ট অধিদপ্তরের ডাটাবেজ এর সাথে Integration এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ বিষয়ে মহাপরিচালক, এনএসআই UNHCR কর্তৃক সংগৃহীত রোহিঙ্গাদের চোখের আইরিশসহ বায়োমেট্রিক ডাটা পাসপোর্ট অধিদপ্তরের ডাটাবেজ এর সাথে Integration করা হলে রোহিঙ্গাদের কেউ বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ করতে পারবে না মর্মে জানান। এছাড়াও পাসপোর্ট অফিসের অসাধু কর্মচারিদের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। সভাপতি বলেন যে, পাসপোর্ট অফিসের অসাধু কর্মচারিদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণপূর্বক দৃশ্যমান শাস্তি প্রদান নিশ্চিত করতে হবে।

০৬। মাননীয় স্থানীয় সরকার মন্ত্রী জানান যে, রোহিঙ্গা নাগরিকদের অনুকূলে জন্ম নিবন্ধন সনদ প্রদান করায় ইতোমধ্যে দুই জন ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানকে বরখাস্ত করা হয়েছে। এছাড়াও পরবর্তীতে এ ধরনের অপরাধের ক্ষেত্রে দায়ি ইউনিয়ন পরিষদ সচিবদের-কে গ্রেফতার করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ বিষয়ে পরিচালক, এনটিএমসি বলেন যে, জন্ম নিবন্ধন রেজিস্ট্রেশন করার সময় বায়োমেট্রিক তথ্য সংগ্রহ করা হয় না বিধায় একই জন্ম নিবন্ধন নম্বরের বিপরীতে দুই বা ততোধিক ব্যক্তির তথ্য লিপিবদ্ধ করা হয়। তিনি জন্ম নিবন্ধন রেজিস্ট্রেশনে বায়োমেট্রিক ডাটা অন্তর্ভুক্ত ও NID এর সাথে Integration এর উপর গুরুত্বারোপ করেন।

০৭। সভায় আলোচনা হয় যে, ১৯৮০-৮১ সালে সৌদি আরবে গমনকারী রোহিঙ্গা নাগরিক যারা ইতোমধ্যে বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ করেছেন তাদের বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করা প্রয়োজন। ইতোমধ্যে সৌদি আরব থেকে প্রত্যাগত ব্যক্তিদের মধ্যে রোহিঙ্গা নাগরিক রয়েছে মর্মে জানানো হয়। এ বিষয়ে সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ বলেন যে, বাংলাদেশি পাসপোর্টধারী রোহিঙ্গা নাগরিক দেশে প্রত্যাবর্তনের পর পাসপোর্ট বাতিল করে রোহিঙ্গা ক্যাম্পে প্রেরণ করা যেতে পারে। এছাড়াও বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বাংলাদেশি পাসপোর্টধারী রোহিঙ্গা নাগরিক ও তাদের উত্তরাধিকারীদের বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ ও নবায়নের জন্য প্রাপ্ত আবেদনসমূহ বিবেচনার পূর্বে পুলিশ ভেরিফিকেশনের বিষয়টি নীতিমালায় অন্তর্ভুক্তি করা প্রয়োজন মর্মে আলোচনা হয়।

০৮। সচিব, সুরক্ষা সেবা বিভাগ মাদক প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীর তৎপরতার পাশাপাশি সামাজিক সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে বলে জানান। একই বিষয়ে মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জানান যে, বাংলাদেশ-ভারত দ্বিপক্ষীয় বৈঠকের আলোচনার পরিপ্রেক্ষিতে মাদকের অনুপ্রবেশ বন্ধে বাংলাদেশ-ভারত-মিয়ানমার ত্রিপক্ষীয় বৈঠকের আয়োজনের বিষয়ে ভারতীয় প্রস্তাবে বাংলাদেশ সম্মতি জ্ঞাপন করেছে। তিনি মাদক মামলা নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ আদালত গঠনের উপর গুরুত্বারোপ করেন। মহাপরিচালক, র‍্যাব এ বিষয়ে বলেন যে, মাদকের অনুপ্রবেশ বন্ধে কক্সবাজার-টেকনাফ সীমান্ত এলাকায় কড়াকড়ি আরোপের ফলে বিকল্প করিডোর হিসেবে সিলেট, বরিশাল সীমান্তপথে বাংলাদেশে মাদক প্রবেশ করছে। সীমান্তের অনেক স্থানে কাঁটাতারের বেড়া এবং সীমান্ত সড়ক না থাকায় বিজিবি'র টহল পরিচালনা করা সম্ভব নয় বিধায় মাদকের অনুপ্রবেশ ঘটছে। তিনি সীমান্তবর্তী ৩২টি জেলার স্থানীয় জনসাধারণকে মাদক পাচার ও চোরাচালান হতে নিবৃত করার লক্ষ্যে আয়বর্ধক কর্মসূচি প্রণয়নসহ বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণের অনুরোধ জানান। এছাড়াও মাদক আইনে র‍্যাব এর নাম অন্তর্ভুক্ত না থাকায় র‍্যাব কর্তৃক মাদক আইনে মামলা রুজু সংক্রান্ত জটিলতার বিষয়ে উল্লেখ করেন।

০৯। মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী বলেন যে, সীমান্তবর্তী অনেক জেলা বিশেষত: মেহেরপুর জেলায় কোন মাদক নিরাময় কেন্দ্র না থাকায় মাদকাসক্তির সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। তিনি দেশের সকল জেলায় মাদক নিরাময় কেন্দ্র স্থাপনের উপর গুরুত্বারোপ করেন। এ বিষয়ে মাননীয় নৌ-পরিবহন প্রতিমন্ত্রী বলেন যে, মাদকের বিস্তার রোধে আভিযানিক কর্মকাণ্ডের পাশাপাশি চাহিদা হ্রাসের লক্ষ্যে সচেতনতামূলক কার্যক্রম জোরদার করা প্রয়োজন। সচেতনামূলক কর্মকাণ্ডে নারী ও পুরুষ খেলোয়ারদের সম্পৃক্ত করা যায় মর্মে তিনি মত ব্যক্ত করেন। মাননীয় আইন মন্ত্রী মাদক মামলার দ্রুত নিষ্পত্তির জন্য বিশেষ আদালত গঠন না হওয়া পর্যন্ত আদালতের অধিক্ষেত্র সব বিচারকের জন্য উন্মুক্ত রাখা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

১০। জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রম প্রতিরোধে মসজিদের ইমামদের মাধ্যমে জঙ্গিবাদ বিরোধী প্রচারণা জোরালোভাবে কার্যকর হচ্ছে না মর্মে সভায় জানানো হয়। এছাড়াও সন্ত্রাসী কার্যক্রমে জড়িতদের দ্রুত সনাক্তকরণের জন্য ভাড়াটিয়াদের জাতীয় পরিচয়পত্র ও ছবিসহ বিস্তারিত তথ্য সংগ্রহ কার্যক্রম ডিএমপি এর বাইরে সিটি কর্পোরেশন এলাকা, বিভাগীয় ও জেলা শহর পর্যন্ত সম্প্রসারণ অত্যাবশ্যক বলে সকলে একমত পোষণ করেন।

১১। ঢাকা মহানগরীসহ দেশের সর্বত্র সড়কে শৃঙ্খলা প্রতিষ্ঠার বিষয়ে আলোচনা হয়। কমিশনার, ডিএমপি বলেন যে, মেট্রোরেল নির্মাণ প্রকল্পের জন্য ঢাকা মহানগরীতে বিভিন্ন স্থানে রাস্তা সংকীর্ণ হয়ে যাওয়ায় যানজট নিয়ন্ত্রণ করা কষ্টসাধ্য হয়ে যাচ্ছে। তিনি আরো বলেন যে, যেসব স্থানে মেট্রোরেলের প্রাথমিক কাজ সম্পন্ন হয়েছে বা কার্যক্রম শুরু করতে দেরী হবে সেসব স্থানে রাস্তার ঘেরাও সরিয়ে ছোট করে নিলে যানজট হ্রাস পাবে। সভাপতি এ বিষয়ে মেট্রোরেল প্রকল্পের কার্যক্রম দ্রুত সম্পাদন এবং অপ্রয়োজনীয় ঘেরাও দ্রুত অপসারণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদানের জন্য সড়ক ও মহাসড়ক বিভাগের প্রতিনিধিকে অনুরোধ জানান। মাননীয় জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফুটপাত জনসাধারণের চলাচলের জন্য উন্মুক্ত রাখার জন্য দোকানের মালামাল বা নির্মাণ সামগ্রী ফুটপাত হতে অপসারণের উপর গুরুত্বারোপ করেন। এছাড়াও জাল ড্রাইভিং লাইসেন্স আটক ও ফিটনেসবিহীন গাড়ি চলাচল এবং জনভোগান্তি নিরসনে বিআরটিএ'র জনবল বৃদ্ধির বিষয়ে আলোচনা হয়। পবিত্র ঈদ-উল-আযহায় ঘরমুখী মানুষের যাতায়াতের জন্য পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ করায় সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

১২। ভিসার মেয়াদ উত্তীর্ণ বাংলাদেশে অবস্থানরত বিদেশিদের স্বদেশ প্রত্যাবাসনের পূর্বে আইন-শৃঙ্খলা বাহিনীর নজরদারিতে রাখার জন্য সেফ হোম প্রতিষ্ঠার বিষয়ে এসবি কর্তৃক প্রেরিত প্রতিবেদন যাচাই-বাছাই করে জরুরি ভিত্তিতে কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা হয়। ভিসার মেয়াদ উত্তীর্ণ বিদেশিদের বাংলাদেশ সরকারের রাষ্ট্রীয় খরচে নিজদেশে ফেরত পাঠানের জন্য সভাপতি দ্রুত প্রকল্প প্রস্তাব প্রস্তুত করে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

১৩। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্রমিক | বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১. | আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে কার্যক্রম গ্রহণ | দেশের আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রণে যে কোন অপরাধ সংঘটনের পর দ্রুততম সময়ে সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্তের মাধ্যমে প্রকৃত দোষী ব্যক্তিকে চিহ্নিত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে। গোয়েন্দা নজরদারি বৃদ্ধির মাধ্যমে একই ধরনের অপরাধের পুনরাবৃত্তি রোধে তৎপর থাকতে হবে। পূর্ববর্তী মাস ও বিবেচ্য মাসের অপরাধ চিত্রের তুলনামূলক পরিসংখ্যান জননিরাপত্তা বিভাগে নিয়মিত প্রেরণ অব্যাহত রাখতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিজিবি/ এনএসআই/ডিজিএফআই/ এসবি |
| ০২. | রোহিঙ্গা ক্যাম্প এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ | (ক) বাংলাদেশ সেনাবাহিনী রোহিঙ্গা ক্যাম্প এলাকার চারিদিকে কাঁটাতারের বেড়া নির্মাণের জন্য অর্থ বিভাগের সাথে সরাসরি সমন্বয়পূর্বক অর্থ বরাদ্দ গ্রহণ করবে এবং দ্রুত কাঁটাতারের বেড়া নির্মাণ কার্যক্রম সম্পন্ন করবে। | সশস্ত্র বাহিনী বিভাগ |
| | | (খ) পুলিশ, বিজিবি ও র‍্যাবের যৌথ ক্যাম্প স্থাপনের জন্য রোহিঙ্গা ক্যাম্পের অভ্যন্তরে প্রাথমিকভাবে চিহ্নিত স্থানের প্রস্তাব প্রেরণ করে জননিরাপত্তা বিভাগ এর অনুমোদন গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর |
| | | (গ) রোহিঙ্গা ক্যাম্প এলাকায় পরিচালিত ভ্রাম্যমান আদালতের সংখ্যা ও প্রদত্ত শাস্তির পরিমাণ উল্লেখপূর্বক বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় উপস্থাপন করতে হবে। | পুলিশ অধিদপ্তর/বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম |
| | | (ঘ) সীমান্তবর্তী এলাকায় টহল জোরদার করাসহ রোহিঙ্গা ক্যাম্প এলাকার নিরাপত্তা বৃদ্ধির জন্য উখিয়া হতে টেকনাফ পর্যন্ত রাত্রিকালীন যৌথ টহল অব্যাহত রাখতে হবে। | সশস্ত্র বাহিনী বিভাগ/পুলিশ অধিদপ্তর/বিজিবি/র‍্যাব |
| | | (ঙ) রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট ও জাতীয় পরিচয়পত্র গ্রহণ প্রতিরোধে UNHCR কর্তৃক সংগৃহীত বায়োমেট্রিক তথ্যের সাথে পাসপোর্ট অধিদপ্তরের ডাটাবেজ এর Integration এর উদ্যোগ গ্রহণ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ |
| | | (চ) রোহিঙ্গাদের বাংলাদেশি পাসপোর্ট প্রদান কার্যক্রমের সাথে জড়িত পাসপোর্ট অধিদপ্তরের সকল অসাধু কর্মকর্তা-কর্মচারিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে দৃশ্যমান শাস্তি প্রদান নিশ্চিত করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ |

| | | | |
|---|---|---|---|
| | | (ছ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বাংলাদেশি পাসপোর্টধারী রোহিঙ্গা নাগরিকদের পাসপোর্ট নবায়ন ও তাদের উত্তরাধিকারীদের বাংলাদেশি পাসপোর্ট গ্রহণ প্রতিরোধে পাসপোর্ট গ্রহণ ও নবায়নের ক্ষেত্রে পুলিশ ভেরিফিকেশন প্রবর্তনের বিষয়ে কার্যক্রম গ্রহণ করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ |
| ০৩. | মাদকের অনুপ্রবেশ ও বিস্তার রোধে কার্যক্রম গ্রহণ | (ক) মাদকবিরোধী চলমান অভিযান অব্যাহত রাখতে হবে। দেশের অভ্যন্তরে মাদকের বিস্তার রোধ ও সীমান্ত পথে মাদকের অনুপ্রবেশ বন্ধে আইন-শৃঙ্খলা বাহিনীর কার্যকরী ভূমিকা গ্রহণসহ সীমান্তে টহল জোরদার করতে হবে। মাদক উদ্ধারের তুলনামূলক পরিসংখ্যান জননিরাপত্তা বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/পুলিশ অধিদপ্তর/র‍্যাব/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/ বিজিবি/ বাংলাদেশ কোস্টগার্ড |
| | | (খ) মাদকবিরোধী জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে তরুণ সমাজকে উদ্বুদ্ধ করার জন্য নারী ও পুরুষ খেলোয়াড়দের সম্পৃক্তকরণ এবং স্থানীয় সরকারের নির্বাচিত প্রতিনিধি ও শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে। | যুব ও ক্রিড়া মন্ত্রণালয়/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/স্থানীয় সরকার বিভাগ/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ |
| | | (গ) দেশের প্রত্যেকটি জেলায় পর্যায়ক্রমে মাদক নিরাময় কেন্দ্র স্থাপন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ০৪. | সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে কার্যক্রম গ্রহণ | (ক) সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম প্রতিরোধ, নির্মূল ও নিয়ন্ত্রণের লক্ষ্যে গোয়েন্দা নজরদারি অব্যাহত রাখতে হবে। | এনএসআই/ডিজিএফআই/এসবি |
| | | (খ) সন্ত্রাসী ও জঙ্গি সংগঠনসমূহের অনুকূলে অর্থায়ন বন্ধে মোবাইল ব্যাংকিংসহ অনলাইন ব্যাংকিং ও ব্যাংকের অস্বাভাবিক লেনদেন নজরদারি জোরদার করতে হবে। | পুলিশ অধিদপ্তর/বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট, বাংলাদেশ ব্যাংক |
| | | (গ) সন্ত্রাস ও নাশকতাবিরোধী জনসচেতনতা বৃদ্ধিমূলক কর্মকাণ্ডে নারী-পুরুষ নির্বিশেষে সর্বস্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় জঙ্গিবাদ বিরোধী প্রচারণা অব্যাহত রাখতে হবে। | তথ্য মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর |
| | | (ঘ) সকল মসজিদের ইমামগণ কর্তৃক জুম্মার নামাজের খুতবার পূর্বে সন্ত্রাস ও জঙ্গিবাদ বিরোধী বক্তব্য প্রদান নিশ্চিত করার লক্ষ্যে আগামী সভার পূর্বেই জেলা ভিত্তিক কতটি মসজিদে এ ধরনের কার্যক্রম সম্পন্ন হয়েছে এর পরিসংখ্যানসহ বিস্তারিত তথ্য প্রেরণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/পুলিশ অধিদপ্তর |
| | | (ঙ) মেট্রোপলিটন এলাকাসহ বিভাগীয় ও জেলা শহরে শিল্পাঞ্চল এলাকায় সন্ত্রাসী কার্যক্রমে জড়িতদের দ্রুত সনাক্তকরণের লক্ষ্যে বাড়ির মালিকদের মাধ্যমে ভাড়াটিয়াদের NID ও ছবিসহ তথ্য সংগ্রহ করে থানায় সংরক্ষণ নিশ্চিত করতে হবে। | পুলিশ অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ০৫. | ট্রাফিক ব্যবস্থাপনা | (ক) ঢাকা মহানগরীতে যানজট নিরসনের জন্য মেট্রোরেলের কার্যক্রম দ্রুত সম্পন্ন করা এবং অপ্রয়োজনীয় ঘেরাও খুলে দেয়ার জন্য মেট্রোরেল প্রকল্প বাস্তবায়ন কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করতে হবে। | সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| | | (খ) জাল ড্রাইভিং লাইসেন্স আটক ও ফিটনেসবিহীন গাড়ি চলাচল বন্ধে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| ০৬. | ভিসার মেয়াদ উত্তীর্ণ বিদেশী নাগরিকদের নিজ দেশে ফেরত প্রদান | বাংলাদেশে অবস্থানরত ভিসার মেয়াদ উত্তীর্ণ বিদেশি নাগরিকদের নিজ দেশে ফেরত প্রদানের বিষয়ে প্রত্যাবাসন ফান্ড গঠন ও সেফ হোম প্রতিষ্ঠা সংক্রান্ত এসবি'র প্রস্তাব যাচাই করে দ্রুত কার্যক্রম গ্রহণ করে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | অর্থ বিভাগ/জননিরাপত্তা বিভাগ/এসবি |

১৪। সভাপতি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আরও সর্তকতা, আন্তরিকতা ও যথাযথভাবে দায়িত্ব পালনের অনুরোধ জানিয়ে উপস্থিত সকলকে সভায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ-১৮/১১/২০১৯
(আ, ক, ম, মোজাম্মেল হক)
মন্ত্রী
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ও
আহ্বায়ক
আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

স্মারক সংখ্যা-৪৪.০০.০০০০.০৭৫.০২.০০১.১৯-১১৭১ তারিখঃ ২১/১১/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি/প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব/সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/অর্থ বিভাগ/স্থানীয় সরকার বিভাগ/সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/সুরক্ষা সেবা বিভাগ/তথ্য মন্ত্রণালয়, ঢাকা।
০৩। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৪। চীফ অব জেনারেল স্টাফ, সেনা সদর দপ্তর, ঢাকা সেনানিবাস, ঢাকা।
০৫। পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা (ডিআইজি ও পুলিশ সুপারগণকে কপি সরবরাহের অনুরোধসহ)।
০৬। মহাপরিচালক, আনসার ও ভিডিপি/বিজিবি/ ডিজিএফআই/ এনএসআই/ বাংলাদেশ কোস্টগার্ড/ র‍্যাব/ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা।
০৭। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
০৮। অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
০৯। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম (সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে কপি সরবরাহের অনুরোধসহ)।
১০। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ............................................................।
১১। সচিব এর একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১২। অতিরিক্ত সচিব (রাজনৈতিক ও আইসিটি) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, ঢাকা।
১৩। যুগ্মসচিব (রাজনৈতিক-১) এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
১৪। অফিস কপি/মাস্টার কপি।

২১.১১.১৯
(মল্লিকা খাতুন)
উপসচিব
ফোন ঃ ৯৫৭৪৫২৩
mohapol2@gmail.com